



মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট

মো: মাকরুজ্জামান
উপসচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোবা: ০১৭৪০-৬২৫৭৪০
ইমেইল: prompa6@gmail.com
ওয়েব সাইটঃ www.mpa.gov.bd

“সংবাদ বিজ্ঞপ্তি”

“মোংলা বন্দরে চালু হলো e-Payment System Service”

কর্তৃপক্ষের সকল ধরনের রাজস্ব অনলাইন প্রক্রিয়ার মাধ্যমে আদায়ের লক্ষ্যে ২ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ তারিখ কর্তৃপক্ষের সভাকক্ষে মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মীর এরশাদ আলী e-Payment System Service শুভ উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মোংলা বন্দর কর্তৃপক্ষের সদস্য (হারবার ও মেরিন) ক্যাপ্টেন মো: আসাদুজ্জামান, সদস্য (প্রকৌশল ও উন্নয়ন) ড. এ. কে. এম. আনিসুর রহমান (যুগ্মসচিব), প্রধান অর্থ ও হিসাব রক্ষন কর্মকর্তা মোঃ সিদ্দীকুর রহমানসহ কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারী এবং ব্রাক ব্যাংক পিএলসি'র প্রতিনিধিবৃন্দ।

স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ বাস্তবায়নে মোংলা বন্দর কর্তৃপক্ষের সার্বিক কর্মকাণ্ড ডিজিটাইজেশনের মাধ্যমে সম্পাদনের উদ্যোগ গ্রহণ করেছে। e-Payment System Service উদ্বোধনের মাধ্যমে স্মার্ট বন্দরে রূপান্তরের পথে আরও এক ধাপ এগিয়ে গেল মোংলা বন্দর কর্তৃপক্ষ। এখন থেকে বিশ্বের যেকোন প্রান্তে বসে বন্দর ব্যবহারকারীগণ অনলাইনের মাধ্যমে তাঁদের বিল পেমেন্ট করার পাশাপাশি সকল সেবা নিতে পারবেন।

স্বাক্ষরিত/-
উপসচিব